



স্বাধীনতা সঙ্গী  
স্বাধীনতা সঙ্গী

Job Category: Data Entry/Operator/BPO

Job Source: ০০০০ ০০০০০০০০

## Job Summary

Posted On: 24 Dec 2024

Application Deadline: 20 Jan 2025

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল ১৪, আবদুল গণি রোড, ঢাকা। নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নলিখিত শূণ্য পদে সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হইতে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্র, মোবাইল নম্বর, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। দরখাস্ত আগামী ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। নির্দিষ্ট সময়ের পর প্রাপ্ত দরখাস্ত ও ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে। আগামী ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠার) বৎসরের কম এবং ৩২ বৎসরের বেশী হইতে পারিবে না। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হইবে না।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য অভিজ্ঞতা।
০১.	বেঞ্চ সহকারী	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	০১ (এক) টি	স্নাতক পাশ	যদি কোন অভিজ্ঞতা থাকে
০২.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১ (এক) টি	স্নাতক পাশ	যদি কোন অভিজ্ঞতা থাকে
০৩.	গাড়ীচালক	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১ (এক) টি	৮ম শ্রেণী পাশ	যদি কোন অভিজ্ঞতা থাকে
০৪.	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৩ (তিন) টি	৮ম শ্রেণী পাশ	যদি কোন অভিজ্ঞতা থাকে

#### শর্তাবলী :

- প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হইতে হইবে।
- যে কোন গেজেটেড অফিসার কর্তৃক এক কপি চারিত্রিক সনদপত্র দাখিল করিতে হইবে।
- হানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদপত্র দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।
- যে কোন গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও লাইসেন্সের কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্র গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাছাইপূর্বক ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হইবে এবং যোগ্য প্রার্থীর তালিকা প্রস্তুত অস্তে, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকার নোটিশ বোর্ডে আগামী ৩০/০১/২০২৫ খ্রিঃ তারিখে টাঙ্গাইয়া দেওয়া হইবে। পরীক্ষা/সাক্ষ্যকারে উপস্থিত হওয়ার জন্য কোন টি,এ/ডি,এ প্রদান করা হইবে না।
- আবেদনপত্রের সাথে ফেরত খামসহ ডাক টিকেট সংযুক্ত করিতে হইবে।
- গাড়ী চালনায় কমপক্ষে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- সাক্ষ্যকারের সময় মূল কাগজপত্র প্রদর্শন করিতে হইবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলিয়া গণ্য হইবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(সৈয়দা হোসনে আরা)

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

সদস ( সিনিয়র জেলা ও দায়রা জজ)

প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল

১৪, আবদুল গণি রোড, ঢাকা।

স-২১৮৯ (৮×৪)